১৯৭৪ সনের ২৮শে ফেব্রুয়ারী বেলা ১০০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ডের সভায় গৃহীত প্রস্তাবাবলী

| | | | |
|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল আজাহারুল হক চৌধুরী ষ্টেশন কমান্ডার (সেনাবাহিনী) | - সভাপতি | উপস্থিত |
| ২। | লেঃ কর্ণেল এ এফ এম আবদুল হক, এ এম সি, এস ই এম ও, সি এম এইচ। | - সদস্য | ,, |
| ৩। | মেজর মোঃ নুরুদ্দিন খান, সি ই, সি এম ই এস। | - সদস্য | ,, |
| ৪। | স্কোঃ লিঃ নুরুল ইসলাম, ও সি, এ্যাডমিন উইং, বাংলাদেশ বিমান বাহিনী | - সদস্য | ,, |
| ৫। | সাব-লেঃ এম এ করিম, ও সি এ্যাডমিন উইং, নৌবাহিনী হেড কোয়ার্টার। | - সদস্য | ,, |
| ৬। | অবসর প্রাপ্ত মেজর এ সি, দেব, ঢাকা ক্যান্টনমেন্ট। | - সদস্য | ,, |
| ৭। | জনাব শহীদুর রহমান, ঢাকা ক্যান্টনমেন্ট। | - সদস্য | ,, |
| ৮। | জনাব তনজীদুর রহমান, সি, ই, ও। | - সম্পাদক | ,, |

লেঃ কর্ণেল আজাহারুল হক চৌধুরী, ষ্টেশন কমান্ডার ( [illegible] ) ঢাকা ক্যান্টনমেন্ট সভাপতি নিযুক্তির শপথ গ্রহন করে সভাপতি রূপে সভায় যোগদান করেন।

লেঃ কর্ণেল এ এফ এম আবদুল হক ( এস ই এম ও) সি এম এইচ, ঢাকা ক্যান্টনমেন্ট সদস্য নিযুক্তির শপথ গ্রহন করে সদস্য রূপে সভায় যোগদান করেন।

১। মাসিক আয়, ব্যয় ও বকেয়া পাওনার হিসাব

জানুয়ারী (১৯৭৪) মাসের আয় ব্যয় ও বকেয়া পাওনার হিসাব অবগত হওয়া।

২। স্বাস্থ্য সম্পর্কীয় মাসিক বিবরণী

জানুয়ারী ( ১৯৭৪ ) মাসের স্বাস্থ্য সম্পর্কীয় বিবরণী বিবেচনা করা।

২৮-২-৭৪

গৃহীত প্রস্তাব ঃ- অনুমোদন করা গেল। আগামী মাস থেকে হিসাব বিভাগের একটি ব্যালান্স-শীট বোর্ডের বিবেচনার নিমিত্তে পেশ করা হোক।

গৃহীত প্রস্তাব ঃ- নিম্ন বর্ণিত মন্তব্যের প্রেক্ষিতে বিবেচনা করা গেল ঃ-

(ক) ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সংরক্ষিত নর্দমাগুলি নিয়মিত ভাবে পরিস্কার করে ময়লা নিস্কাশনের ব্যবস্থা গ্রহন করতে হবে।

(খ) ক্যান্টনমেন্ট এলাকায় মশা-মাছি নিবারণ করার জন্যে নিয়মতান্ত্রিক উপায়ে ব্যবস্থা গ্রহনের নিমিত্তে আগামী আর্থিক বছর থেকে স্থানীয় স্বাস্থ্য সংরক্ষণ সংস্থা (স্টেশন হেলথ অর্গানিজেশন)কে বার্ষিক নিয়মিত হারে অনুদান দেওয়ার ব্যবস্থা গ্রহন করা হোক।

(গ) ক্যান্টনমেন্ট এলাকায় মালিক বিহীন কুকুরগুলির নিধন কল্পে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ৩০ (ত্রিশ) দিনের জন্য একটি প্রকল্প গ্রহন করা হোক।

(ঘ) পথে ঘাটে ইতস্তুতঃ ঘুরে বেড়ানো গরু-বাছুর ও অন্যান্য পশুকে খোঁয়াড়ে দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হোক।

(ঙ) স্টেশন হেডকোয়ার্টারকে ক্যান্টনমেন্ট এলাকায় সেনাবাহিনীর নিমিত্তে প্রয়োজনীয় ময়লা ফেলার পাত্র (ডাস্ট বিন) স্থাপনের জন্য স্থান নিরূপণ করার অনুরোধ জানানো হোক।

(চ) ক্যান্টনমেন্ট বোর্ডের নিমিত্তে ময়লা ফেলার গাড়ী সংগ্রহের জন্য ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারকে ব্যক্তিগত ভাবে বিষয়টি নিয়ে তৎপরতা চালাতে অনুরোধ করা যাচ্ছে।

৩। ব্যবসা কর মওকুফ

গত ২৯-১২-৭৩ তারিখের গৃহীত ৮ নম্বর প্রস্তাব এবং ৩১-১-৭৪ তারিখের গৃহীত ৪ নং প্রস্তাব উল্লেখ্য।

সংযোজিত তালিকা অনুসারে নিখোঁজ/নিরুদ্দিষ্ট ঠিকাদার ও সরবরাহকারীদের ১৯৬৯-৭০ থেকে ১৯৭১-৭২ আর্থিক বছরের ব্যবসা কর মওকুফের বিষয়টি বিবেচনা করা।

৪। মূল্য নির্ধারণ সংশোধনী প্রস্তাব

নিম্ন বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ঘর [redacted] বাড়ীর পূর্ব নির্ধারিত বাৎসরিক মূল্যায়ন সংশোধনের নিমিত্তে সংশ্লিষ্ট মালিক/ইজারাদারের আবেদন ক্যান্টনমেন্ট এ্যাক্টের (১৯২৪) ৭১ ধারা অনুসারে বিবেচনা করা।

| ক্রমিক নং | দাগ নম্বর | ইজারাদারের নাম | আবেদনের তারিখ | পূর্ব নির্ধারিত মূল্যায়ন | বর্তমান বার্ষিক ভাড়া অনুসারে বার্ষিক মূল্যায়ন সংশোধন প্রার্থিত। |
|---|---|---|---|---|---|
| (১) | ১৬-চ (উত্তরাংশ) | জনাবা আমিরুন নেসা খাতুন। | ৮-২-৭৪ | ৩,০০০/- | ৪,৮০০/০০ |

৫। ক্যান্টনমেন্ট বেকারী

গত ৩১-১-৭৪ তারিখের গৃহীত ৮ নম্বর প্রস্তাব উল্লেখ্য।

ক্যান্টনমেন্ট মার্কেটে অবস্থিত ২ নম্বর বেকারীর ইজারাদার মোঃ আবদুর রাজ্জাক ও অংশীদারবৃন্দের ৯-২-৭৪ তারিখের আবেদনটি বিবেচনা করা।

৬। ক্যান্টনমেন্ট মার্কেটের ৩ নম্বর দোকান

ক্যান্টনমেন্ট মার্কেটের ৩ নম্বর দোকানের অননুমোদিত ও তথাকথিত ইজারাদার শেখ মমিনের ২০-১-১৯৭৪ তারিখের আবেদনে বর্ণিত বিষয়টি বিবেচনা করা।

৭। ক্যান্টনমেন্ট এলাকাধীন মাথার পাড়ার ২৯৭ নম্বর দাগের ঘরবাড়ী হস্তান্তর জনিত নামান্তর করণ

ক্যান্টনমেন্ট বোর্ডের ৩১-১-৭৪ তারিখে গৃহীত ৬ নম্বর প্রস্তাব উল্লেখ্য।

গত ৭-২-৭৪ তারিখে অত্র অফিসে প্রাপ্ত শেখ লুৎফর রহমান এবং বেগম জেবুন নেসার আবেদনটি বিবেচনা করা।

২৮-২-৭৪

গৃহীত প্রস্তাব :- বিষয়টি সম্পর্কে বিবেচনা করা গেল। প্রতিটি ব্যক্তির বিস্তারিত ঠিকানা দিয়ে পুলিশ বিভাগকে তাদের সম্পর্কে খোঁজ খবর নেওয়ার অনুরোধ করা হোক। পুলিশের কাছ থেকে সংশ্লিষ্ট ব্যক্তিদের সম্বন্ধে তথ্য পাবার পর বিষয়টি বোর্ডের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য পেশ করা হোক।

গৃহীত প্রস্তাব :- অনুমোদন করা গেল।

গৃহীত প্রস্তাব :- আবেদনকারীবৃন্দের প্রার্থনা পুঙ্খানুপুঙ্খ ভাবে বিবেচনা করার পর এই মর্মে উপনীত হওয়া গেল যে বেআরীতি পুনরায় চালু করার অনুমতি দেওয়া সম্ভব নয়, কাজেই আবেদনটি অনুমোদন করা গেল না।

গৃহীত প্রস্তাব :- আবেদনকারীকে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়মাবলী ভংগ করার জন্য ১০০/- (একশো) টাকা জরিমানা করা গেল।

আবেদনকারীর ভাই আবুল বাশারের নামে দোকানটি ইজারা দেওয়ার প্রার্থনাটি অনুমোদন করা গেল।

গৃহীত প্রস্তাব :- গত ৩১-১-৭৪ তারিখের ৬ নম্বর গৃহীত প্রস্তাবে অনুমোদিত নামানুকরণ প্রস্তাবটি কার্যকরী করা স্থগিত রাখা হোক। বিষয়টি তদন্তের জন্যে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার এর পরামর্শ অনুযায়ী স্পেশ্যাল পুলিশকে লেখা হোক।

৮। ক্যান্টনমেন্ট এলাকায় সরিষের তেলের কল নির্মাণ

ক্যান্টনমেন্ট এলাকায় সরিষের তেলের কল নির্মাণের নিমিত্তে সরকারী জমি বরাদ্দের জন্য জনাব আবদুল বাতেনের ১৬-২-৭৪ তারিখের আবেদনটি বিবেচনা করা।

৯। জমির পুনরশ্রেণী বিভাগ করণ

গত ২৯-১২-৭৩ তারিখে গৃহীত ১২(ক) নম্বর প্রস্তাব উল্লেখ্য।

ক্যান্টনমেন্ট বোর্ড নার্সারী সংলগ্ন অপেক্ষাকৃত নীচু জমি খনন করে একটি সরোবর নির্মাণ করার নিমিত্তে ৩৯ নম্বর সার্ভে প্লটের ২৯২ ও ৬২৬ নম্বর দাগের ২'৪৪ একর জমিকে পুনর শ্রেণী বিভাগ করত ক্লাস "এ" ল্যান্ড থেকে ক্লাস "সি" ল্যান্ডে রূপান্তরিত করার বিষয়টি [illegible] বিবেচনা করা।

১০। কচুক্ষেত বাজার দোকানের জায়গা

মোঃ আবুল আমিনের ২৭-২-৭৪ তারিখের আবেদনটি বিবেচনা করা।

১১। শহীদ রমিজউদ্দিন বিদ্যালয়ের নিমিত্তে জরুরী ভিত্তিক সাময়িক ঋণ।

ক্যান্টনমেন্ট শহীদ রমিজউদ্দিন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের নিমিত্তে সরকার কর্তৃক অনুমোদিত কাপড় ইত্যাদি খরিদের জন্য সাময়িক ভিত্তিতে ঋণ দেওয়ার জন্য উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ২৩-২-৭৪ তারিখের দরখাস্তটি বিবেচনা করা।

১২। নামান্তর করণ

ক্যান্টনমেন্ট সদর (মহাখালী) এলাকার নিম্ন বর্ণিত ঘরবাড়ীর মূল ইজারাদারের মৃত্যুহেতু [illegible] ইজারাদারের ওয়ারিশানগনের নামে উল্লিখিত সম্পত্তি নামান্তর করনের আবেদন বিবেচনা করা।

| ক্রমিক নং | দাগ নং | ইজারাদারের নাম | ওয়ারিশানগনের নাম | আবেদনের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | ৪৩ | মোঃ আমিনউদ্দিন। | (১) মাহমুদ আলম (পুত্র)<br>(২) রাবেয়া বেগম (কন্যা)<br>(৩) আসগরী বেগম (কন্যা)<br>(৪) সহিদন বিবি (স্ত্রী) | ৪-১-৭৩ |

২৮-২-৭৮

গৃহীত প্রস্তাব ঃ- আবেদনে প্রার্থিত বিষয়টি অনুমোদন করা গেল না ।

গৃহীত প্রস্তাব ঃ- অনুমোদন করা গেল । প্রস্তাবটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরণ করা হোক ।

গৃহীত প্রস্তাব ঃ- পংগু মুক্তিযোদ্ধা হিসাবে সংশ্লিষ্ট ব্যক্তির আবেদনটি সহানুভূতির সাথে বিবেচনা করা গেল । অদূর ভবিষ্যতে স্থায়ী বাজার নির্মাণ করা হলে তাঁর আবেদনটিকে প্রাধান্য দেওয়া হবে ।

কচুক্ষেত এলাকায় অস্থায়ী বাজারে কোন স্থান বর্তমানে তাঁকে দেওয়া সম্ভব নয় । আবেদনটি আপাততঃ অনুমোদন করা গেলনা ।

গৃহীত প্রস্তাব ঃ- শহীদ রমিজউদ্দিন বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক আবেদনটি প্রত্যাহার করার ফলে বিষয়টি বিবেচনা করা হল না ।

গৃহীত প্রস্তাব ঃ- ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার পরামর্শ ক্রমে প্রার্থিত নামানুর অনুমোদন করা গেল ।

১৩। গৃহ কর মওকুফ

ডিফেন্স অফিসার হাউজিং স্কীম এলাকাস্থিত নিম্ন বর্ণিত বাড়ী খালি থাকার জন্য গৃহকর মওকুফের আবেদন বিবেচনা করা।

| ক্রমিক নং | প্লট নম্বর | মালিক/ইজারাদারের নাম | আবেদনের তারিখ | কর মওকুফের কার্যকাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ১২ | লেঃ কর্ণেল এ কে এম নবাব আলী, এ,এম,সি। | ১৩-২-৭৪ | ৬-৫-৭২ হইতে ৩১-১-৭৩। | উক্ত সময়ে বাড়ী খালি ছিল। |

১৪। বাড়ীর নকসা

১৯২৪ সালের ক্যান্টনমেন্ট এ্যাক্টের ১৭৯ ধারা মোতাবেক নিম্ন বর্ণিত ঘরবাড়ী নির্মাণের আবেদন পত্র সহ নকসাগুলি বিবেচনা করা। নকসাগুলি বিশেষজ্ঞ কর্তৃক পুঙ্খানুপুঙ্খ ভাবে পরীক্ষা করানো হয়েছে এবং ঐ গুলি বিশেষজ্ঞের মতে ত্রুটি বিহীন।

| ক্রমিক নং | ইজারাদার/মালিকের নাম | প্লট নম্বর | মৌজা | প্রকৃতি |
|---|---|---|---|---|
| **ডি,ও,এইচ,এস এলাকা** | | | | |
| (১) | বেগম সুলতানা করিম। | ১৩ | | বসত বাড়ীর নকসা। |
| (২) | মেজর সৈয়দ আবদুর রশিদ। | ৩৬ | | ঐ |
| **নাখাল পাড়া ( বর্দ্ধিত এলাকা )** | | | | |
| (১) | জনাব মাঃ ওয়াহেদ খান। | ৯ (আংশিক) | তেজকুনী পাড়া। | বসত বাড়ীর নকসা। |
| (২) | জনাব আবু নাছের সালাউদ্দিন মাহমুদ। | ৯ ,, | ,, | ঐ |
| (৩) | জনাব গাজী ওয়ালীউল্লা | ৮৮ ,, | ,, | ঐ |
| (৪) | বেগম আনোয়ারা খান। | ৫ ,, | ,, | ঐ |
| **কাফরুল ( বর্দ্ধিত এলাকা )** | | | | |
| (১) | জনাব আবদুল জব্বার। | ৩২৪-৩২৫ (আংশিক) | কাফরুল। | বসত বাড়ীর নকসা। |

২৮-২-৭৪

গৃহীত প্রস্তাব ঃ- অনুমোদন করা গেল ।

গৃহীত প্রস্তাব ঃ- ১৯২৪ সালের ক্যান্টনমেন্ট এ্যাক্টের ১৮১(১) ও ১৮৩-ক অনুচ্ছেদ বলে নিম্নবর্ণিত নকশা গুলি অনুমোদন করা গেল । অনুমোদিত নকশায় বহির্ভূত কোন বাড়তি কাজ করা যাবেনা । নকশা অনুমোদনের তারিখ থেকে ১২ ( বারো ) মাসের মধ্যে বাড়ী তৈরী সম্পূর্ণ হতে হবে । বাড়ীটি মশা মাছি নিবারক তারের জালি দিয়ে বারান্দা, জানালা ইত্যাদি ঘিরে রাখতে হবে । প্রতিটি বাড়ীতে প্রয়োজন বোধে গ্যাসের ব্যবস্থা করতে হবে । বাড়ী আরম্ভ করার তারিখ এবং বসবাস যোগ্য করে গড়ে তোলার তারিখ অতি অবশ্যই ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের নিকট পৃথক ভাবে জানাতে হবে ।

| ক্রমিক নং | ইজারাদার/ মালিকের নাম | প্লট নম্বর | মৌজা | প্রকৃতি |
|---|---|---|---|---|
| **ডি, ও, এইচ, এস এলাকা** | | | | |
| (১) | বেগম সুলতানা করিম | ১৩ | | অননুমোদিত । |
| (২) | মেজর সৈয়দ আবদুর রশিদ । | ৪৬ | | অনুমোদিত । |
| **মাখাল পাড়া ( বর্দ্ধিত এলাকা )** | | | | |
| (১) | জনাব মাঃ ওয়াহেদ খান । | ৯ (আংশিক ) | তেজকুনী পাড়া । | অনুমোদিত । |
| (২) | জনাব আবু নাছের সালাউদ্দিন মাহমুদ । | ৯ ,, | ঐ | ঐ |
| (৩) | জনাব গাজী ওয়ালীউল্লা । | ৮৮ ,, | ঐ | ঐ |
| (৪) | বেগম আনোয়ারা খান । | ৫ ,, | ঐ | অননুমোদিত । |
| **কাফরুল ( বর্দ্ধিত এলাকা )** | | | | |
| (১) | জনাব আবদুর রকার । | ৩২৪-৩২৫ (আংশিক) | কাফরুল । | অনুমোদিত । |

১৫। পরিত্যক্ত ঘর-বাড়ী

পরিত্যক্ত ঘর-বাড়ী ( সম্পত্তি ) তত্ত্বাবধায়ক পর্ষদ কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ড কর্মচারীবৃন্দকে ( সংযোজিত তালিকা দ্রষ্টব্য ) বন্টনকৃত ঘর-বাড়ীর ভাড়া ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক বহন করার বিষয়টি বিবেচনা করা।

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
২৮-২-৭৪

২৮-২-৭৪

গৃহীত প্রস্তাব ঃ- বিবেচনা করা গেল।

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০-ক বাড়ীটি অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারীর বাসস্থানের নিমিত্তে দখলের তারিখ থেকে ভাড়া নেওয়ার বিষয়টি অনুমোদন করা গেল।

নিম্ন বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাড়ীগুলি ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার হিসেবে ~~ব্যবহার~~ (ব্যবহার) করার জন্যে বোর্ডের ~~হতে~~ তরফ থেকে ভাড়া নেওয়া হোক এবং অবস্থানকারীদের বাড়ী থেকে নিয়মিত ভাড়া ও বকেয়া প্রয়োজন বোধে কিস্তিতে আদায় করা হোক।

| বাড়ীর নম্বর | অবস্থানকারীর নাম ও পদবী | অবস্থানের মূল তারিখ | ২৮-২-৭৪ পর্যন্ত মোট ভাড়ার পরিমান |
|---|---|---|---|
| ৭ (নং) দ্বিতীয় তলা। | মোঃ আঃ গফুর, মোটর মেকানিক, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা। | ১-১-১৯৭২ | ১,৩০০/০০ |
| ১১(নং) দ্বিতীয় তলা। | (ক) মোঃ মুজাত আলি সরকার, ল্যাবঃ টেকনিশিয়ান, ক্যান্টনমেন্ট ডিসপেন্সারী, ঢাকা।<br>(খ) মোঃ হাবিবুর রহমান, শিক্ষক শহীদ রমিজউদ্দিন বিদ্যালয় | ১২-১-৭৩ | ১০০/০০ |
| ১৫(নং) দ্বিতীয় তলা। | মোঃ গোলাম মোস্তফা ভূঁইয়া, ল্যান্ড ক্লার্ক - সার্ভেয়ার, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা। | ২১-৪-৭২ | ১,২২৫/- |
| ১৬(নং) দ্বিতীয় তলা। | মোঃ আঃ লতিফ, হেড ক্লার্ক, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা। | ২১-৪-৭২ | ১,২২৫/- |

[signature]
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
২৮-২-৭৪

[signature]
লেঃ কর্নেল
সভাপতি
ক্যান্টনমেন্ট-বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট
২৮-২-৭৪